

প্রিয় Molly-এর মাতাপিতা/অভিভাবক,

এই রিপোর্টটি 2023 এর বসন্তে পরিচালিত নিউ ইয়র্ক স্টেট টেস্টিং প্রোগ্রাম ম্যাথমেটিকস অ্যাসেসমেন্টে Molly এর পারফরমেন্স সংক্ষেপে বিবৃত করে। এই পরীক্ষাতে প্রাপ্ত নম্বর শিক্ষার্থীর পারফরমেন্স নির্ধারণ করার একটি উপায়; যদিও, Molly কী জানে এবং কী করতে পারে এই প্রাপ্ত নম্বর তার সম্পূর্ণ ও বিস্তারিত তথ্য প্রকাশ করে না। ইংরেজী ভাষা শিক্ষা (English Language Arts, ELA) এবং গণিতের গ্রেড 3-8 থেকে প্রাপ্ত ফলাফলগুলি কারণ নির্ণয়ের জন্য প্রদান করা হয় এবং Molly এর সরকারি ট্রান্সক্রিপ্ট বা শিক্ষার্থীর স্থায়ী রেকর্ডে অন্তর্ভুক্ত করা হবে না।

অনুবাদ



<https://www.nysed.gov/state-assessment/grades-3-8-ela-and-mathematics-score-report-and-understanding-report-samples>

MOLLY এর  
প্রাপ্ত নম্বর  
এই বছর

**483**  
লেভেল 4

MOLLY এর  
প্রাপ্ত নম্বর:  
483

506

483

450

432

381

স্টেটের মান পূরণ করে

স্টেটের মান পূরণ করে না

### পারফরমেন্স লেভেল

#### লেভেল 4

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীরা তাদের গ্রেডের জন্য নির্ধারিত মান অনুযায়ী সর্বশ্রেষ্ঠ।

#### লেভেল 3

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীরা তাদের গ্রেডের জন্য নির্ধারিত মান অনুযায়ী দক্ষ।

#### লেভেল 2

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীরা তাদের গ্রেডের জন্য নির্ধারিত মান অনুযায়ী আংশিক দক্ষ।

#### লেভেল 1

এই পর্যায়ে পারফর্ম করা শিক্ষার্থীদের গ্রেডের জন্য নির্ধারিত মানের তুলনায় দক্ষতা অনেকটাই কম।

### MOLLY স্টেটের নির্ধারিত মান পূরণ করেছিল

এই শিক্ষার্থীরা কী জানে এবং কী করতে পারে তার বিবরণ দেখতে এখানে যান:

[www.nysed.gov/state-assessment/next-generation-grades-3-8-learning-standards-performance-level-descriptions](http://www.nysed.gov/state-assessment/next-generation-grades-3-8-learning-standards-performance-level-descriptions)

### MOLLY এর সাফল্যের তথ্য প্রমাণ

Molly এর শিক্ষকের সাথে যোগাযোগ করুন এবং জিজ্ঞেস করুন কোন কাজটি Molly এর পক্ষে করা কঠিন।

আপনার স্কুলকে জিজ্ঞাসা করুন Molly এর অগ্রগতি সম্পর্কে আপনি কীভাবে নিয়মিত রিপোর্ট পাবেন।

Molly কে যদি উপযুক্ত মনে করেন, তাঁকে সাফল্যের শিখরে উঠতে সহায়তা করার জন্য কাউন্সেলিং বা স্কুলের সহায়তার মতো শিক্ষার্থী সহায়তার সন্ধান করুন।

Molly এর দক্ষতা কেমন উন্নত হচ্ছে তা দেখতে Molly এর ক্লাসের পড়া ও বাড়ির পড়া পর্যালোচনা করুন।

নিউ ইয়র্ক স্টেটের স্ট্যান্ডার্ড, পরীক্ষাটি, এবং কীভাবে আপনি Molly কে সাহায্য করতে পারেন সেই সম্বন্ধে আরো তথ্যের জন্য,

<https://www.nysed.gov/state-assessment/grades-3-8-ela-and-mathematics-tests> ওয়েবসাইটটি দেখুন

নিউ ইয়র্ক স্টেটের গণিত শিক্ষা মানদণ্ড নির্দেশ করে যে প্রতিটি গ্রেড লেভেলে Molly এর কী জানা উচিত এবং কী করতে পারা উচিত। এই বিভাগটিতে এই গ্রেড লেভেলে মানসমূহের প্রধান গাণিতিক ধারণাসমূহ বিচার করতে যে প্রশ্নগুলি ব্যবহার করা হয় তাতে Molly এর অর্জিত ক্রেডিটের সংখ্যা দেখানো হয়েছে।

MOLLY এর  
প্রাপ্ত নম্বর

12

এর

সর্বাধিক  
প্রাপ্ত নম্বর

13

NYS শিক্ষার্থীদের গড় প্রাপ্ত নম্বর  
8

### দশ ভিত্তিক সংখ্যা ও হিসাব

এই বিভাগে, শিক্ষার্থীদের করতে বলা হয়ঃ

- স্থানীয় মান ব্যবস্থা বোঝা; দুটি দশমিক সংখ্যার সহস্রাংশ মান পর্যন্ত পড়তে, লিখতে ও তুলনা করতে পারা;
- স্থানীয় মান বোঝার ক্ষমতা ব্যবহার করে দশমিক সংখ্যাকে যে কোনো স্থান পর্যন্ত রাউন্ড করা;
- একাধিক সংখ্যাভিত্তিক পূর্ণ সংখ্যাসমূহ এবং শতাংশ পর্যন্ত দশমিক সংখ্যা ব্যবহার করে যোগ, বিয়োগ, গুণ, এবং ভাগ করা।

MOLLY এর  
প্রাপ্ত নম্বর

14

এর

সর্বাধিক  
প্রাপ্ত নম্বর

16

NYS শিক্ষার্থীদের গড় প্রাপ্ত নম্বর  
8

### সংখ্যা ও হিসাব - ভগ্নাংশ

এই বিভাগে, শিক্ষার্থীদের করতে বলা হয়ঃ

- সমানুপাতিক ভগ্নাংশ ব্যবহারের মাধ্যমে মিশ্র সংখ্যাসমূহ সহ তিন হরভিত্তিক ভগ্নাংশসমূহ যোগ এবং বিয়োগ করা;
- ভগ্নাংশসমূহ গুণ এবং ভাগ করা; বাস্তবসম্মত সমস্যাসমূহ সমাধানে পূর্ণ সংখ্যা বা একটি ভগ্নাংশ দিয়ে ভগ্নাংশকে গুণ করা।

MOLLY এর  
প্রাপ্ত নম্বর

10

এর

সর্বাধিক  
প্রাপ্ত নম্বর

13

NYS শিক্ষার্থীদের গড় প্রাপ্ত নম্বর  
8

### পরিমাপ ও তথ্য

এই বিভাগে, শিক্ষার্থীদের করতে বলা হয়ঃ

- আয়তনকে কঠিন বস্তুসমূহের একটি ধর্ম হিসাবে জানা এবং আয়তন পরিমাপের ধারণাসমূহ বোঝা;
- গুণ এবং যোগ করার কাজসমূহের সাথে আয়তনের সম্পর্ক তৈরি করা;
- আয়তনের সাথে সম্পর্কিত বাস্তবসম্মত এবং গাণিতিক সমস্যাসমূহ সমাধান করা।

অনুগ্রহ করে লক্ষ্য করুন, যে শিক্ষার্থীদের একটি ব্যক্তিগত শিক্ষা কর্মসূচি (Individualized Education Program, IEP) আছে অথবা এমন ধারা 504 উপযোগীকরণ পরিকল্পনা (504 প্ল্যান) আছে যেখানে নির্দেশ করা আছে যে, পরীক্ষাগুলি জোরে পড়তে হবে, তাদেরকে IEP/504 পরিকল্পনার বৈশিষ্ট্যগুলি অনুযায়ী এই পরীক্ষার জন্য উপযোগীকরণ প্রদান করা উচিত ছিল।